

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির এর দ্বি-মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।  
সভার স্থান : সভাপতির কার্যালয়, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।  
সভার তারিখ ও সময় : ১৫/০৩/২০২১ খ্রিঃ বেলা-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

অদ্য ১৫/০৩/২০২১ খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির দ্বি-মাসিক সভা জনাব ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা হয়। পরে কমিটির সদস্য সচিব ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করার আহ্বান জানান। কমিটির সদস্য সচিব আলোচ্য সুচি অনুযায়ী আলোচনা শুরু করেন এবং আলোচনার বিষয় ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ :

ক্রঃনং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা করা হয়।	কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় সভায় তা দৃঢ়করণ করা হয়।
০২	করোনাকালীন সময়ে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান পরিচালনা :	কমিটির সম্মানিত সদস্য সচিব জনাব মোহাম্মদ ছানোয়ার হোসেন, উপজেলা মাধ্যমিক অফিসার, জামালপুর সদর সভাকে জানান, জামালপুর সদর উপজেলার মাধ্যমিক বিদ্যালয়ের করোনাকালীন সময়ে শিক্ষার্থীরা স্বশরীরে এসে ক্লাশ করতে পারছেন। তাই তাদের পাঠদান কিছুটা বিঘ্নিত হচ্ছে। তাই শিক্ষার্থীদের পড়ালেখার ক্ষতি পূরণে নিতে অনলাইন পাঠদানের কোন বিকল্প নেই।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।
০৩	অনলাইন পাঠদান বিষয়ক আলোচনা :	সভার সম্মানিত সভাপতি জনাব ফারজানা ইয়াছমিন, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর। করোনাকালীন সময়ে শিক্ষার্থীদের পড়ালেখা নিয়মিত রাখার স্বার্থে অনলাইন পাঠদান অত্যন্ত প্রয়োজন।	উক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে, সভার সভাপতিকে উক্ত বিষয়টি উপজেলা পরিষদের মাসিক সভায় উত্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ফারজানা ইয়াছমিন)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি

জামালপুর সদর, জামালপুর।

তারিখ : ১৫/০৩/২০২১ খ্রিঃ

স্মারক নং-ইউএসইও/জাম/২১/

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।

০২। উপজেলা নিবাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।

০৩। জনাব-----সদস্য, উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি, জামালপুর সদর, জামালপুর।

০৪। অফিস নথি।



(মোহাম্মদ ছানোয়ার হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
জামালপুর সদর, জামালপুর।

স্মারক-ইউএসইও/জাম/২১/

তারিখ : ১০/০৩/২০২১খ্রি:

“নোটিশ”

এতদ্বারা উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটির সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৫/০৩/২০২১খ্রি: তারিখ রোজ-সোমবার সকাল ১১:০০ ঘটিকায় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ফারজানা ইয়াছমিন এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে উক্ত কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

সভার আলোচ্য সূচী :

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :
- ০২। করোনাকালীন সময়ে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান পরিচালনা :
- ০৩। অনলাইন পাঠদান বিষয়ক প্রশিক্ষণ :
- ০৪। বিবিধ:



(মোহাম্মদ ছানোয়ার হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি

জামালপুর সদর, জামালপুর।

স্মারক-ইউএসইও/জাম/২১/

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
- ০২। উপজেলা নিবাহী অফিসার, জামালপুর সদর, জামালপুর।
- ০৩। উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি, জামালপুর সদর, জামালপুর।
- ০৪। জনাব-----ও সদস্য, উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি, জামালপুর সদর, জামালপুর।
- ০৫। অফিস নথি।



(মোহাম্মদ ছানোয়ার হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা কমিটি

জামালপুর সদর, জামালপুর।